

দৈনিক ইত্তেফাক

১৫/১০/২০০০

তারিখ
পৃষ্ঠা ৯

ঢাকা ভার্সিটির ভিসি'র
পদত্যাগের দাবীতে
১৭ই অক্টোবর বিক্ষোভ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির পদত্যাগের দাবীতে আগামী ১৭ অক্টোবর ভিসি কার্যালয় সম্মুখে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করিবে। ছাত্রদল গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল পরবর্তী এক সমাবেশ হইতে এই কর্মসূচী দেয়। কলা ভবনের সম্মুখে বটতলায় সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক পরিবেশ ফিরাইয়া আনার জন্য আমরা বর্তমান ভিসিকে বার বার অনুরোধ করিয়াছি। কিন্তু বারবারই তিনি আমাদের যৌক্তিক দাবীগুলি অবহেলা করিয়াছেন। তিনি গত ৫ বছরে শুধু শেখ হাসিনার চাটুকারিতায় ব্যস্ত ছিলেন। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন আব্দুল বারী ড্যানি, সেলিমুজ্জামান সেলিম, নূরুল ইসলাম নয়ন, শামসুজ্জামান মেহেদী, মাজহারুল ইসলাম বাবু, আতিকুর রহমান প্রমুখ।